

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
 স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
 পার-১ অধিশাখা
www.mohfw.gov.bd

স্মারক নং- ৫৯.০০.০০০০.১০৯.১১.০০২.১৯- ১৮-

তারিখ : ২০ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব
০৪ মার্চ ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ফরিদপুর মেডিকেল কলেজ, ফরিদপুর এর ২০১৮-২০১৯ অর্থ বছরের জন্য আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদন।

সূত্রঃ ফরিদপুর মেডিকেল কলেজ, ফরিদপুর এর ২০১৮-২০১৯ অর্থ বছরের জন্য আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে স্মারকের পরিপ্রেক্ষিতে ফরিদপুর মেডিকেল কলেজ, ফরিদপুর এর নিয়ম বর্ণিত পদসমূহ বিজ্ঞ আদালতের কোন আদেশ দ্বারা বারিত না হলে নিম্নোক্ত শর্তে ২০১৮-২০১৯ অর্থ বছরের জন্য আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হল।

ক্র: নং:	পদের নাম	আউট সোর্সিং এর মাধ্যমে পূরণযোগ্য শূন্য পদের সংখ্যা
০১	ইলেক্ট্রনিশান	০১ (এক)
	মোট =	০১ (এক) টি পদ

শর্তাবলীঃ

- (১) আউট সোর্সিং (out Sourcing) এর মাধ্যমে “সেবা গ্রহণ নীতিমালা-২০১৮ এবং এতদ্সংক্রান্ত সকল বিধি-বিধানসহ অর্থ বিভাগের ২৭.০১.২০১৬ খ্রিঃ তারিখের ০৭.১৫.০১৫.০৭.০০.০২.২০০৭-২৮ সংখ্যক পরিপত্রের নির্দেশনা অনুসরণ করতে হবে;
- (২) বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ এর তফসিলে অন্তর্ভুক্ত নেই, এমন কোন পদে নিয়োগ প্রদান করা যাবে না।
- (৩) প্রাপ্ত প্রত্যাবে শূন্য পদের সংখ্যায় এবং অন্যান্য তথ্যে কোন গরমিল/তারতম্য পরিলক্ষিত হলে সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ এবং তথ্য প্রদানকারী কর্মকর্তা দায়ী থাকবেন:
- (৪) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাংগঠনিক কাঠামো/পদ সূজনের জিওতে যদি কোন পদ অন্তর্ভুক্ত না থাকে, সেক্ষেত্রে জনবল নিয়োগ করা যাবে না;
- (৫) সাংগঠনিক কাঠামো/পদ সূজনের আদেশে অবশ্যই প্রত্যাবিত পদ থাকতে হবে, তবে পদ সূজনের আদেশে পদ থাকলেও বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ এর তফসিলে উক্ত পদ না থাকলে নিয়োগ দেয়া যাবে না।
- (৬) অস্থায়ী পদসমূহ হালনাগাদ সংরক্ষণকৃত পদ হতে হবে;
- (৭) আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োজিত কর্মচারীদের বেতন-ভাতা প্রদানের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা প্রযোজ্য হবে;
- (৮) জনবল নিয়োগের ১৫ কার্যদিবসের মধ্যে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগকে অবহিত করতে হবে;
- (৯) ছাড়কৃত ০১(এক) টি পদের ছাড়পত্র ইতোপূর্বে গ্রহণ করা হলে বা নিয়োগ কার্যক্রম চলমান থাকলে সেক্ষেত্রে জনবল নিয়োগ করা যাবে না;
- (১০) পদের বিরুদ্ধে মামলা থাকলে জনবল নিয়োগ করা যাবে না।

০৪.৩৩.২০১৯

(মোহাম্মদ মোহসীন উদ্দিন)

উপসচিব

ফোনঃ ৯৫৪৬০৫১

email-per1@mefwd.gov.bd

অধ্যক্ষ

ফরিদপুর মেডিকেল কলেজ
ফরিদপুর

অনুলিপিঃ (জ্যোত্তার ক্রমানুসারে নথে)

- ১। মহাপরিচালক স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৫। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৭। যুমসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।